গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

**রাজবাড়ী সদর উপজেলার মে/২০২৩ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১১/০৫/২০২৩ খ্রি:।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সকলের সার্বিক সহযোগিতায় রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর মার্চ/২০২৩ ও এপ্রিল/২০২৩ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : মার্চ/২০২৩ ও এপ্রিল/২০২৩ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

| মাসের নাম | খুন | ধর্ষণ | ডাকাতি/ রাহাজানি | চুরি | বিশেষ ক্ষমতা আইন | অস্ত্র উদ্ধার | জুয়া আইনে মামলা | নারী ও শিশু নির্যাতন অপরাধ | প্রতারণা / মানব পাচার মামলা | মাদক মামলা | বিস্ফোরক মামলা | সড়ক দুর্ঘটনা | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| এপ্রিল/২৩ | | - | - | ০৫ | - | - | ০৮ | ০৪ | - | ০৯ | - | ০৪ | ২২ | ৫২ | |
| মার্চ/২৩ | - | - | - | ০৭ | - | - | ০১ | ০৯ | - | ১৯ | - | - | ২২ | ৫৮ | |
| | | | - | হ্রাস | - | - | বৃদ্ধি | হ্রাস | - | হ্রাস | - | বৃদ্ধি | - | হ্রাস | |

তুলনামূলক অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায়, মার্চ/২০২৩ মাসে চুরি-০৭টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৯টি, মাদক মামলা -১৯টি, ও অন্যান্য-২২টি সহ সর্বমোট ৫৮টি এপ্রিল/২০২৩ মাসে চুরি-০৫, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৪টি, মাদক মামলা -০৯টি, ও অন্যান্য-২২টি সহ সর্বমোট টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা মার্চ/২০২৩ মাসের তুলনায় এপ্রিল/২০২৩ মাসে হ্রাস পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপরতা অব্যাহত রাখার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নে** : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **মাদক বিরোধী অভিযান, রাজবাড়ী**: সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় জানান যে,রাজবাড়ী সদর উপজেলায় এপ্রিল/২০২৩ মাসে ১৩ টি অভিযান পরিচালনা করা হয়। মামলা সংখ্যা-০৩, আসামী সংখ্যা-০৩ জন, উদ্ধারকৃত মাদক হেরোইন-৫ গ্রাম ও গাঁজা ৫০০ গ্রাম। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে অভিযান অব্যাহত রয়েছে। মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে চালুকৃত হট লাইন নম্বর ০১৯৮০৮৮৮৮৮৮, ০১৪০৪০৭৩১৭৬। মাদকের বিষয়ে হট লাইনে তথ্য প্রদান করলে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

**সিদ্ধান্ত** : রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‌্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে**: অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও ইউ,পি চেয়ারম্যান সকল।

**০৫. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**০৫. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর জানান যে, এপ্রিল/২০২৩ মাসের জাটকা সংরক্ষণ অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযানে ধাওয়াপাড়া ঘাট, পুরাতন বাজার, দাদশী বাজার ও অন্যান্য বাজারে অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযানে ১৪৫ কেজি জাটকা আটক করা হয়েছে। ইলিশ সংরক্ষণ অভিযান সফল বাস্তবায়নের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। বাজারসমূহে জাটকা বিক্রয়ের বিষয়ে নিয়মিত মনিটর করা হচ্ছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জাটকা বিক্রয়ের বিষয়ে তদারকি অব্যাহত রাখলে বাজারে জাটকা বিক্রয় বন্ধ হবে। তিনি আরো জানান যে, পদ্মা নদী থেকে অবৈধ বাঁধ অপসারণ করা হয়েছে। চায়না দুয়ারীর বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত আছে। | বাজারসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। পদ্মা নদীতে অবৈধ বাঁধ নির্মাণ ও চায়না দুয়ারীর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর জানান যে, সকলের সার্বিক সহযোগিতায় স্বাস্থ্য সেবা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। জলাতঙ্করোগ প্রতিরোধের লক্ষ্যে ভ্রাম্যমান কুকুরকে ভ্যাকসিন প্রদান করে ঢাকা চলে গেছেন। রাজবাড়ী সদর উপজেলায় করোনা টিকা প্রদান কার্যক্রম বন্ধ আছে। শুধুমাত্র বাচ্চাদের টিকা প্রদান অব্যাহত আছে। পরিসংখ্যান হিসাব অনুযায়ী রাজবাড়ী জেলার উপজেলা ভিত্তিক জন সংখ্যার সঠিক তথ্য অনলাইনে আপডেট করা প্রয়োজন। | বাচ্চাদের করোনা টিকা প্রদানের বিষয়টি বহুল প্রচার করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.৩ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, পুলিশী তৎপরতার কারণে বিদ্যালয় ছুটির সময় কোন শিক্ষা প্রতিষ্ঠানে চুরি হয় নাই। শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | শিক্ষার গুনগত মান বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয় সমূহ পরিদর্শনের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.৪ | জনাব আবু বক্কর সিদ্দিক, চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর, রাজবাড়ী আলিপুর ইউনিয়ন সভায় জানান যে, উন্নয়নের মডেল হিসেবে গড়ার লক্ষ্যে আলীপুর ইউনিয় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পসমূহ সফল বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। | গৃহীত কার্যক্রম সকলের সহযোগীতায় দ্রুত শেষ করতে হবে। | চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর। |
| ৬.৫ | জনাব ওহিদুজ্জামান শেখ, চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নে গরু চুরি বৃদ্ধি পেয়েছে। গরু চুরির কারণে অনেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে। রাতে পুলিশ টহল বৃদ্ধি করা হলে গরু চুরি বন্ধসহ অন্যান্য অপরাধ হ্রাস পাবে। | রাতে গ্রামপুলিশ এর পাহাড়ার ব্যবস্থা করতে হবে। | ইউপি চেয়ারম্যানগণ |
| ৬.৬ | জনাব নূর মোহাম্মদ ভুঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, প্রশাসনের তৎপরতার কারণে বর্তমানে এলাকার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। ঈদ-উল-আযহা উপলক্ষ্যে অনেকে অবৈধ প্রক্রিয়ায় গরু মোটাতাজা করন করছে। যা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর। | গরু, ছাগল মোটা তাজা করনে ব্যবহৃত দ্রব্যাদিতে স্বাস্থ্য ঝুকি আছে কিনা তা মনিটর করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর। |
| ৬.৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আঃ জলিল মিয়া, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি উপজেলা মৎস্য অফিসারের বক্তব্যের সূত্র ধরে বলেন যে, নদীতে বাঁধ নির্মাণ করতে ১০/১৫ দিন সময় লাগে। মৎস্য বিভাগ তৎপর থাকলে নদীতে বাঁধ নির্মাণের সুযোগ পাবেনা। চায়না দুয়ারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা না হলে আগামী প্রজন্ম দেশীয় মাছ সম্বন্ধে জানতে পারবে না। রাজবাড়ী জেলার নদী ভাঙ্গন রোধ কল্পে জরুরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | নদীতে বাঁধ নির্মাণ ও চায়না দুয়ারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার রাজবাড়ী সদর, রাজবাড়ী। |
| ৬.৮ | বীর মুক্তিযোদ্ধা এস এম নওয়াব আলী, জানান যে, সকলের সার্বিক সহযোগিতায় রাজবাড়ী সদর উপজেলার আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে। আলাদীপুর বাজারে একজন ব্যক্তি গায়ে ধুলাবালি লাগিয়ে পাগলের মতো চলা ফেরা করে। কেও তাকে চেনেন না এবং চলাফেরা সন্দেহজনক। এ বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তিনি আরো জানান যে, আলাদীপুর এলাকার কিছু ব্যক্তি ইটালীতে লোক পাঠানোর প্রলোভন দেখিয়ে মোটা অংকের টাকা আত্নসাৎ করছে। সাধারণ জনগন উক্ত প্রলোভনে টাকা পয়সা দিয়ে সর্বশান্ত হচ্ছে। এ বিষয়ে দ্রুত তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা। |

০৭. জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভার শুরুতে রাজবাড়ী সদর উপজেলার বসন্তপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব আব্দুল হালিম (চান) ইন্তেকাল করায় শোক প্রস্তাব উপস্থাপন করেন। কিছুদিনপূর্বে বরাট ইউনিয়নে সবুজ নামে একজন সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছেন। পুলিশী তৎপরতায় আসামী গ্রেফতার হয়েছে। বানিবহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল লতিফ মিয়া হত্যার কোন আসামী গ্রেফতার হয় নাই। তবে অন্যান্য অনেক সন্ত্রাসী গ্রেফতার হওয়ায় রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।

০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, বর্তমানে রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো আছে। এলাকার আইন শৃঙ্খলার অবনতি হলে তাৎক্ষনিকভাবে পুলিশকে অবগত করতে হবে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের ধারা অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, রাজবাড়ী কে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, কিছু বাজারে খাজনার টোল চার্ট না থাকার কারণে কৃষক প্রতারিত হচ্ছে। তিনি প্রত্যেক হাটবাজারে মালামালের টোল চার্ট টানানোর ব্যবস্থার জন্য চেয়ারম্যান তথা বাজার কমিটির সভাপতিদের অনুরোধ জানান।

... ও জামালপুর বাজার এর মাঝখানে মাশালিয়া ঘাট এলাকায় পেয়াজ ক্রয় বিক্রয় হচ্ছে। এলাকাটি ইজারাভূক্ত কোন হাট বাজার নাই ফলে ...রকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে। বিষয়টি সমাধান হওয়া প্রয়োজন।

৯. অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা জানান যে, রাজবাড়ী সদর উপজেলার কর্মরত সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সর্বস্তরের জনসাধারণের সার্বিক সহযোগিতার কারণে বিচ্ছিন্ন ঘটনা ব্যতীত আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। মাদক সেবক ও বিক্রয়কারীদের তথ্য পাওয়া মাত্র অভিযান অব্যাহত আছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন ও তৎপর থাকতে হবে। মাদক নিয়ন্ত্রণে আনতে সম্মিলিতভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। অবৈধ রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেলের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। ঈদের ছুটিতে শিক্ষা প্রতিষ্ঠানের নৈশ প্রহরীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করায় শিক্ষা প্রতিষ্ঠানে চুরি বন্ধ হয়েছে। প্রতারক চক্র ও সন্ত্রাসীদের ব্যাপারে গোয়েন্দা নজরদারী অব্যাহত আছে। এলাকায় কাউকে সন্দেহজনক মনে হলে থানায় জানানোর অনুরোধ জানান।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি সভায় এ উপজেলার আইন-শৃঙ্খলা উন্নয়নের লক্ষ্যে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি মাটি কাটা বন্ধ, ইভটিজিং, জাটকা নিধন ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিবাদ, প্রতিরোধ ও সামাজিক সচেতনতা ও দায়বদ্ধতা বাড়াতে হবে। নদীতে জিও ব্যাগ ফেলার বিষয়ে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। এলাকার সার্বিক উন্নয়নে কর্মকর্তাদের সার্বিক বিষয়ে সহযোগিতার ধারা অব্যাহত রাখতে হবে। এছাড়া তিনি সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

**বিবিধ সিদ্ধান্ত :**

১) দ্রব্য মূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষে ভোক্তা অধিকার আইনে বিভিন্ন বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।

২) রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন চালকের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।

৩) প্রত্যেক হাট-বাজারে মালামালের টোল চার্ট টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

৪) অসন্ন ঈদ-উল আজহাকে সমনে রেখে গরু ছাগল হৃষ্টপুষ্ট করনে ব্যবহৃত দ্রব্যাদিতে স্বাস্থ্য ঝুকির দিকটি মনিটর করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৫/২৩

(মার্জিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নম্বর : ০২৪৭৮৮০৭৪৭৩
e-mail : unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২৩-৪১৩ (৪০)

তারিখঃ ১৬/০৫/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১
ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

০২।জেলা প্রশাসক, রাজবাড়ী ।

০৩।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর,রাজবাড়ী।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০৪।সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৫-৩৫। ................................................................ উপদেষ্টা/সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর,রাজবাড়ী ।

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।